

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ 806

১/ বিবিধ

আরবী

من كبر تكبيرة عند غروب الشمس على ساحل البحر رافعا بها صوته أعطاه الله من الأجر بعدد كل قطرة في البحر عشر حسنات، ومحا عنه عشر سيئات، ورفع له عشر درجات ما بين درجتين مسيرة مائة عام بالفرس المسرع
موضوع

أخرجه العقيلي في " الضعفاء " (ص 122) وأبو نعيم (3 / 125) والحاكم (3 / 587) من طريق إبراهيم بن زكريا العبدسي حدثنا فديك بن سليمان قال: حدثنا خليفة بن حميد عن إياس بن معاوية عن أبيه عن جده مرفوعا
وقال أبو نعيم

غريب من حديث إياس ولم يروه عنه إلا خليفة تفرد به عنه فديك
وسكت عنه الحاكم وقال الذهبي في تلخيصه

قلت: هذا منكر جدا، وخليفة لا يدري من هو، وفي إسناده إليه من يتهم
قلت: يشير إلى العبدسي هذا قال فيه ابن عدي

حدث بالبواطيل، وقال ابن حبان: يأتي عن مالك بأحاديث موضوعة

وقال الذهبي في ترجمة خليفة هذا من الميزان: فيه جهالة، وخبره ساقط، ثم ساق هذا الحديث من رواية العقيلي، ونقل الحافظ في " اللسان ": كلام الذهبي في " التلخيص " وأقره عليه، وقد نهل الهيتمي عن المتهم المشار إليه في كلام الذهبي فاقصر في إعلاله في " المجمع " (5 / 288) بكلام الذهبي المذكور في ترجمة خليفة، وذلك

قصور لا يخفى

ثم رأيت ابن عراق قد أورد الحديث في " تنزيه الشريعة المرفوعة عن الأخبار الشنيعة
الموضوعة " (2 / 288) فأصاب

বাংলা

৪০৬। সমুদ্রের ধারে যে ব্যক্তি সূর্যাস্তের সময় একবার উঁচু স্বরে তাকবীর বলবে, আল্লাহ তাকে সমুদ্রের প্রতিটি পানির ফোটার সংখ্যায় করে সাওয়াব দিবেন, দশটি করে পাপ মোচন করে দিবেন এবং তার দশগুণ মর্যাদা বৃদ্ধি করে দিবেন। প্রতি দু'মর্যাদার মধ্যের দূরত্ব দ্রুতগামী ঘোড়ার একশত বছরের চলার পথ।

হাদীসটি জাল।

এটি উকায়লী "আয-যুয়াফা" গ্রন্থে (পৃঃ ১২২), আবু নুয়াইম (৩/১২৫) এবং হাকিম (৩/৫৮৭) ইবরাহীম ইবনু যাকারিয়া আল-আন্দাসী সূত্রে ফুদায়েক ইবনু সুলায়মান হতে, তিনি খালীফাহ ইবনু হুমায়েদ হতে ... বর্ণনা করেছেন।

আবু নুয়াইম বলেনঃ ইয়াসের হাদীস হতে এটি গারীব। তার থেকে খালীফা ব্যতীত অন্য কেউ বর্ণনা করেননি। ফুদায়েকও খালীফা হতে এককভাবে বর্ণনা করেছেন।

হাকিম হাদীসটি সম্পর্কে কিছু না বলে চুপ থেকেছেন। যাহাবী "আত-তালখীস" গ্রন্থে বলেনঃ এটি নিতান্তই মুনকার, খালীফা কে জানা যায় না। তার নিকট পর্যন্ত পৌছতে সনদে এমন ব্যক্তি আছেন যাকে মিথ্যার দোষে দোষী করা হয়েছে।

আমি (আলবানী) বলছিঃ তিনি ইঙ্গিত করছেন এ আবদাসীর দিকে। তার সম্পর্কে ইবনু আদী বলেনঃ তিনি বাতিল হাদীস বর্ণনা করেছেন। ইবনু হিব্বান বলেনঃ তিনি মালেকের উদ্ধৃতিতে বানোয়াট হাদীস নিয়ে এসেছেন। যাহাবী খালীফার জীবনীতে বলেনঃ তার ব্যাপারে জাহালাত (অজ্ঞতা) রয়েছে এবং তার খবর হচ্ছে সাকেত (নিষ্কিণ্ড)। অতঃপর এ হাদীসটি উকায়লীর বর্ণনা হতে উল্লেখ করেছেন। হাফিয ইবনু হাজার যাহাবীর কথা "আল-লিসান" গ্রন্থে উল্লেখ করেছেন। অতঃপর তিনি তা সমর্থন করেছেন। ইবনু আররাক "তানযীহুশ শারীয়াহ" গ্রন্থে হাদীসটি উল্লেখ করে (২/২৮৮) ঠিকই করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=67991>

হাদিসবিডিৰ প্ৰজেক্টে অনুদান দিন